

# সরলীকরন

মাহমুদা রুণু

জীবনের সৃষ্টিলগন থেকে  
প্রাপ্তি অপ্রাপ্তি, দেনা পাওনার  
সরলীকরন অঙ্ক কষা —  
বন্ধনী, যোগ, বিয়োগ, গুন, ভাগ ।  
উত্তর মেলাতে হবে শূন্যে ।

প্রথম বন্ধনী কাটে স্নেহে  
দ্বিতীয় বন্ধনী বহে যায় মমতার প্লাবনে ।  
তৃতীয় বন্ধনীতে আসে রুঢ় বাস্তব —  
পারিজাতের ক স্টানুভব ॥  
অতঃপর যোগ বিয়োগ গুন ভাগ  
সময়ের প্রদিশু প্ররোচনা ।

যদি উত্তর আসে এক বা একাধিক  
পেছন ফিরে পুনব র  
ঠিক হিসেব মেলানো  
অবাস্তব অবাস্তব অলীক ।

অমোঘ নিয়ম শুধুস নুখে দেখা ,  
সামনের দুটো চোখে ।  
অনুভবের আখি মেলে থাকে  
শয়নে, স্বপনে জাগরনে ।  
সরলীকরনের কাজিত শূন্য ফল  
ধরা থাকে কল্পিত আবাসে ।

হৃদয়ের যোগের অঙ্কে  
লোকসানের বাতিঘরে আলো জ্বলে ।  
LOVE - এর বাগানে থাকে ভগ্নাংস ।  
অনুভবের লেনদেন বড়ই নাজুক ।  
ভাঙ্গাগড়ার আঘাতে বিচুন  
ভগ্নাংসের অংশিদারিত্বে ।

ফিরে যায় জীবন পেছনের পথে  
দৃষ্টির অসীমে চিরচেনার অন্তরিক্ষে ।

যোগ বিয়োগ গুন ভাগ  
অসর লীকরন —  
উত্তর মেলে না শূন্যে ।

অন্তপারের অব্যথ শেষ সময় অন্দি  
অঙ্ক কষা নিরন্তর —  
যোগ বিয়োগ গুন ভাগ  
সরলী করন ।  
নিঃস্থাসের নিঃশব্দ স্তব্ধতায়  
উত্তর মিলে যাবে শূন্যে ।

